

উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়

অফিস আদেশ

স্মারক নং: উবি-০৬/২০০৭-১১৮২৫

তারিখ: ০৯ সেপ্টেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ
২৫ ভাদ্র ১৪২৫ বঙ্গাব্দ

বিষয়ঃ বার্ষিক পরীক্ষায় অকৃতকার্য শিক্ষার্থীদের উচ্চতর শ্রেণিতে প্রমোশন না দেওয়া প্রসঙ্গে।

সূত্রঃ (১) স্মারক নং: দুদক/প্রতিরোধ/কার্যক্রম/০১(অংশ-২)/১৫/৩৯-৯(৪)

(২) স্মারক নং: জেশিঅ/ঢা/১৭৮৩

(৩) স্মারক নং: ৩৭.০২.০০০০-১০৬.৯৯.০০২.১৫-২০৭০

(৪) স্মারক নং: থামাশিঅ/রমনা/ঢাকা/প্রতিষ্ঠান-তথ্য/২০১৬/৭১৬

শিক্ষা মন্ত্রণালয় ও দুর্নীতি দমন কমিশন কর্তৃক আদিষ্ট হয়ে সকল শিক্ষার্থী, সম্মানিত অভিভাবক, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীকে জানানো যাচ্ছে যে, 'বার্ষিক পরীক্ষায়' কোনো শিক্ষার্থী কোনো বিষয়ে অকৃতকার্য হলে তাকে কোনোভাবেই উচ্চতর শ্রেণিতে প্রমোশন দেওয়া হবে না।

এই বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিধায় সকল শিক্ষার্থী যাতে ভালোভাবে পড়াশুনা করে নির্বিঘ্নে উচ্চতর শ্রেণিতে প্রমোশন পায়, সে ব্যাপারে সম্মানিত সকল অভিভাবক, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীকে বিশেষভাবে সচেতন থাকার জন্য অনুরোধ করা হলো।

ড. উম্মে সালেমা বেগম

অধ্যক্ষ

খসড়া
তারিখ: ৬.২.১৮

পরিসীমক (কি. ৩৭) / পরিচালক
"সুস্বাস্থ্য মিলে গড়ানো দেশ,
দুর্নীতি মুক্ত বাংলাদেশ"

পরিচালক (মহাপরিচালক) এর দপ্তর
ডায়েরী নং.....
উপপরিচালক (মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর)
সহঃ পরিচালক (১/২/ক/স্বাস্থ্য)
তারিখের অধীনে
দিন/আলাপ করুন।

দুর্নীতি দমন কমিশন
ঢাকা, বাংলাদেশ

স্মারকসং (প্রতিবেদন) প্রসার/কার্যক্রম/০১ (অংশ-২)/১৫/৩৯০৯(৪)

তারিখ: ০৫/০২/২০১৮

বিষয়: বার্ষিক পরীক্ষার অকৃতকার্য ছাত্র/ছাত্রীদের উচ্চতর শ্রেণিতে প্রমোশন দেয়া এবং বৈধ ফি এর অতিরিক্ত ফি আদায় সংক্রান্ত।

সূত্র: দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়ের স্মারক নং-দুনক/প্রতিবেদন/০১/১৪(অংশ)/২৬৪৪৫(৭৫), তারিখ-২৮/০৮/১৭।

দুর্নীতি প্রতিরোধের লক্ষ্যে ছাত্র/ছাত্রীদের মাঝে সততা ও নিষ্ঠাবোধ সৃষ্টির নিমিত্ত দুর্নীতি দমন কমিশন কর্তৃক বিভিন্ন প্রতিবেদন কার্যক্রম পরিচালনাকালে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পর্যায়ে পাঠদান এবং পরীক্ষা গ্রহণ সংক্রান্ত নানাবিধ অনিয়ম পরিলক্ষিত হয়েছে। দুর্নীতি দমন কমিশন আইন ২০০৪ এর ১৭ (ট) ধারা যতে এ সকল বিষয় সংশ্লিষ্টদের গোচরীভূত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ কমিশনের অন্যতম দায়িত্ব।

০২। দুর্নীতি দমন কমিশন এই মর্মে অবগত হয় যে, দেশের কোন কোন শিক্ষা প্রতিষ্ঠান বার্ষিক পরীক্ষায় অকৃতকার্য ছাত্র/ছাত্রীদের উচ্চতর শ্রেণিতে প্রমোশন প্রদান করে। এ ধরনের কাজ করতে গিয়ে শিক্ষা প্রতিষ্ঠানগুলো ছাত্র/ছাত্রীদের নিকট হতে বিভিন্ন ধরনের ফি আদায়ের মাধ্যমে দুর্নীতির আশ্রয় গ্রহণ করে থাকে মর্মে বিভিন্ন সূত্রে অভিযোগ পাওয়া গেছে। শিক্ষা প্রতিষ্ঠানগুলোর এ ধরনের প্রবণতা দুর্নীতির প্রসার ঘটায় এবং ভোমসম্মতি শিক্ষার্থীদের জীবনে দুর্নীতির কুপ্রভাব পড়ে।

০৩। তৎসম্মতিতে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের নিম্নোক্ত তথ্যাদি প্রতিবেদন আকারে কমিশনে প্রেরণের জন্য সূত্রোক্ত স্মারকসং সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণকে অনুরোধ করা হয়েছিল। ফলসম্মতিতে কয়েকটি জেলা থেকে তথ্যাদি প্রেরণ করা হলেও তা আশংকাকর মর্মে প্রতীয়মান হয় নি:

- (ক) কোন বিদ্যালয়ে ৬ষ্ঠ শ্রেণি হতে নবম শ্রেণি পর্যন্ত বার্ষিক পরীক্ষায় এক/একাত্তরিক বিষয়ে অকৃতকার্য ছাত্র/ছাত্রীদের উচ্চতর শ্রেণিতে প্রমোশন দেয়া হয়েছে কি না? যদি এ ধরনের সুযোগ দেয়া হয়ে থাকে তবে বিদ্যালয়গোষ্ঠী তার বিস্তারিত তথ্য সংগ্রহ করতঃ বিধিযুক্ত স্বাক্ষর দেয়া যেতে পারে;
- (খ) পাবলিক পরীক্ষার জন্য বোর্ড নির্ধারিত ফিসহ অন্যান্য বৈধ ফি ব্যতিরেকে অতিরিক্ত কোন অর্থ আদায় করা হয়েছে কি না? যদি এ ধরনের অর্থ আদায় করা হয়ে থাকে তবে বিদ্যালয়গোষ্ঠী তার বিস্তারিত তথ্য সংগ্রহপূর্বক যথাযথ ব্যবস্থা নেয়া যেতে পারে।
- ০৪। জনস্বার্থে উপস্থিতিত প্রত্যাবনা সদয় বিবেচিত হতে পারে।

মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শিক্ষা ভবন, ঢাকা।

মোঃ সাক্ষর হকবাসী এম.সি.
মহাপরিচালক (প্রতিবেদন)
ফোন: ৯৩৫৮৯৫১

Email: dg.prevention@acc.org.bd.

- ১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সমন্বয় অবগতির জন্য)।
- ২. সচিব, শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সমন্বয় অবগতির জন্য)।
- ৩. চেয়ারম্যান-এর একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (মাননীয় চেয়ারম্যান মহোদয়ের সন্মুখ অবগতির জন্য)।

www.dgprevention.gov.bd